



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd
E-mail:iresppw@gmail.com


নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৬৭৮

তারিখঃ ১৩/০৩/২০১৬খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের আওতায় সমিতির সদস্যদের স্বাবলম্বী করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করে আয়বর্ধক কর্মকাণ্ডে ঋণ প্রদান এবং পূঁজি গঠনে সঞ্চয়ে উদ্বুদ্ধ করা হয়। সদস্যরা সাপ্তাহিক ভিত্তিতে ঋণের কিস্তি পরিশোধ এবং সঞ্চয় জমা করেন। যা সদস্যদের পাশ বহিতে লিপিবদ্ধ থাকে। ঋণ পরিশোধ ও সঞ্চয় জমার প্রমাণ স্বরূপ পাশ বহিটি সদস্যের নিকট রক্ষিত থাকে; কিন্তু লক্ষ্য করা যাচ্ছে সদস্যের পাশ বহি সদস্যের নিকট না রেখে নানা অযুহাতে মাঠসংগঠকের নিকট থাকে অথবা উপজেলা অফিসে আনা হয়; যা নিয়মের লঙ্ঘন। কোন অবস্থাতেই সদস্যের পাশ বহি সদস্য ছাড়া অন্য কারও নিকট হস্তান্তরযোগ্য নয়। যদি কোন কারণে পাশ বহি যাচাই/ অন্য কোন কারণে অফিসে আনা প্রয়োজন হয় শুধুমাত্র সেক্ষেত্রে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের লিখিত অনুমতিক্রমে পাশ বহি আনা যাবে এবং যাচাই শেষে সদস্যের নিকট পুনরায় ফেরত দিতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট মাঠসংগঠক ও সহকারী পল্লী উন্নয়ন অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

২। লক্ষ্য করা যাচ্ছে কোন কোন মাঠ সংগঠক কোন সমিতির বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার আগে চতুরতার সাথে অন্য সমিতির আদায়কৃত ঋণের টাকা দিয়ে উক্ত সমিতির ঋণ পরিশোধ করে এ সমিতিতে পুনরায় ঋণ বিতরণ করে। আবার এই সমিতির বিতরণকৃত ঋণ দিয়ে অন্য সমিতির ঋণ পরিশোধ করে একইভাবে ঋণ দেয়া নেয়ার কার্যক্রমে মাঠসংগঠক সম্পৃক্ত থাকেন। এর ফলে পরবর্তীতে বিপুল পরিমাণ ঋণ মেয়াদোত্তীর্ণ হচ্ছে। এ ধরনের কাজের সাথে কোন মাঠ সংগঠকের সম্পৃক্ততা পাওয়া গেলে কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই তাকে সরাসরি চাকুরী হতে বরখাস্ত করা হবে। এআরডিও (ইরেসপো) এর আওতাধীন কোন মাঠ সংগঠক এ ধরনের কার্যক্রমে জড়িত প্রমাণিত হলে উক্ত এআরডিও-কেও সমভাবে দায়ী করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। তাই এআরডিওদের-কে এ বিষয়ে সচেতন থাকা এবং নিয়মিত সমিতি পরিদর্শন নিশ্চিত করতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। জনাব.....মাঠসংগঠক (ইরেসপো),উপজেলা.....জেলা।
- ২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি,উপজেলা.....জেলা।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি,.....উপজেলা.....জেলা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পরিচালক (প্রশিঃ/ অর্থ/ উন্নয়ন/ প্রশাঃ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বিআরডিবি,জেলা।
- ৭। উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও প্রশিঃ) / (উন্নয়ন, বাজেট ও অর্থ) ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ৮। মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা মহোদয়ের একান্ত সচিব। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। অফিস কপি/ গার্ড ফাইল।